# এক্সক্লুসিভ মডেল টেস্ট

SURE SUCCESS

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব জনি একটি কোম্পানির ব্যবস্থাপক। প্রতিষ্ঠানটির দৈনন্দিন কাজ যথাযথভাবে পরিচালনার জন্য তিনি প্রয়োজনীয় ব্যবস্থা নেন। তিনি পর্যাপ্ত কাঁচামাল ও মজুদপণ্য মজুদ রাখেন যাতে সময়মতো অর্ডারকৃত পণ্য সরবরাহ করতে পারেন। পাশাপাশি প্রতিষ্ঠানে প্রয়োজনীয় চলতি মূলধনের ব্যবস্থা রাখেন। তার গৃহীত ব্যবস্থার ফলে প্রতিষ্ঠানের উৎপাদন ও মুনাফা বৃদ্ধি পায়। কোম্পানি মুনাফার একটি অংশ শেয়ারহোল্ডারদের লভ্যাংশ হিসেবে প্রদান করে। তার প্রভাবে কোম্পানির শেয়ারের মূল্য বৃদ্ধি পায়।

ক. তারল্য কী? ১

খ. "উচ্চ মুনাফাযুক্ত প্রকল্প সর্বদা গ্রহণযোগ্য নয়"– ব্যাখ্যা কর। ২

গ. জনাব জনির প্রথম কাজটি অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. কোম্পানির লভ্যাংশ বণ্টনে অর্থায়নের কোন লক্ষ্য প্রতিফলিত হয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২▸ জনাব জামি বিনিয়োগের জন্য নিচের দুটি প্রকল্প বিবেচনা করছেন।

| প্রকল্প | ক | খ |
|---|---|---|
| আয়ের হার | ২২% | ১৮% |
| আদর্শ বিচ্যুতি | ৫% | ৪% |

ক. অর্থায়ন কী? ১

খ. "মুনাফা একটি অস্পষ্ট ধারণা"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব জামি ক প্রকল্পে বিনিয়োগ করলে তা অর্থায়নের কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব জামি যদি উভয় প্রকল্পে বিনিয়োগ করেন তাহলে অর্থায়নের নীতির আলোকে তার বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩▸ জনাব শফিক ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক থেকে ১০% সুদে ২৫,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন যা সমান ৫টি বার্ষিক কিস্তিতে পরিশোধ করতে হবে।

ক. প্রদেয় বার্ষিক বৃত্তি কী? ১

খ. ভবিষ্যৎ অপেক্ষা বর্তমানে নগদ টাকার মূল্য কেন বেশি? ২

গ. জনাব শফিকের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. জনাব শফিক কিস্তির টাকা প্রতি বছরের শুরুতে পরিশোধ করলে ঋণের কিস্তির পরিমাণ নির্ণয়পূর্বক একটি ঋণ পরিশোধ তালিকা তৈরি কর। ৪

৪▸ মিজ তানিয়া একটি ফ্ল্যাট ক্রয় করতে চান। ফ্ল্যাটের মূল্য পরিশোধের জন্য কোম্পানি তাকে দুটি প্রস্তাব দেয়। প্রথম প্রস্তাব অনুযায়ী ৪০,০০,০০০ টাকা ডাউন পেমেন্ট দিয়ে বাকি টাকা পরবর্তী ৩ বছরে যথাক্রমে ৩০,০০,০০০ টাকা, ২০,০০,০০০ টাকা এবং ২০,০০,০০০ টাকা পরিশোধ করতে হবে। দ্বিতীয় প্রস্তাব অনুযায়ী আগামী ১০ বছর প্রতিবছর ১৩,০০,০০০ টাকা করে পরিশোধ করতে হবে। সুযোগ ব্যয় ১২%।

ক. সময় রেখা কী? ১

খ. নামিক সুদ ও কার্যকরী সুদের হার আলাদা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. প্রথম প্রস্তাবের ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩

ঘ. ফ্ল্যাট ক্রয়ে মিজ তানিয়ার কোন প্রস্তাব গ্রহণ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৫▸ জনাব ফাহাদ বিনিয়োগের জন্য দুটি বন্ড পছন্দ করেছেন। বন্ড দুটির তথ্য নিম্নরূপ :

| বন্ড | অভিহিত মূল্য | কুপন হার | মেয়াদপূর্তি মূল্য | মেয়াদ | বাজারমূল্য |
|---|---|---|---|---|---|
| J | ৫,০০০ | ১৬% | ৫,৫০০ | ৬ | ৫,৮০০ |
| P | ১,০০০ | ১৪% | – | – | ১,০৫০ |

বন্ড ইস্যুকারী কোম্পানি J বন্ড ৪ বছর পর ৫,৬০০ টাকায় কল করতে পারবে। জনাব ফাহাদের প্রয়োজনীয় আয়ের হার ১৩%।

ক. বন্ড ইন্ডেঞ্চার কী? ১

খ. কুপন হার বন্ডের আয়ের ওপর কী প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ২

গ. J বন্ডের কল মেয়াদে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব ফাহাদের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৬▸ মিজ ফাহিমা নিচের দুটি বন্ডের যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী।

| বন্ড | অভিহিত মূল্য | কুপন হার | মেয়াদপূর্তি মূল্য | মেয়াদ | বাজারমূল্য |
|---|---|---|---|---|---|
| A | ১,০০০ | ১২% | ১,০৫০ | ৫ | ৯০০ |
| B | ২,০০০ | | ২,১০০ | ৮ | ৭০০ |

প্রত্যাশিত আয়ের হার ১৪%।

ক. চলতি আয়ের হার কী? ১

খ. একটি বন্ড কখন অবহারে বিক্রি করা হয়? ২

গ. A বন্ডের মেয়াদপূর্তি আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. মিজ ফাহিমার কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৭▸ জনাব সেলিম তার কারখানার জন্য ২,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করার চিন্তা করছেন। মেশিনটির সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা, আয়ুষ্কাল ৪ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১২,০০০ টাকা। মেশিনটি থেকে আগামী ৪ বছর করপরবর্তী মুনাফা যথাক্রমে ১০,০০০ টাকা, ২০,০০০ টাকা, ৩০,০০০ টাকা এবং ২৪,০০০ টাকা পাওয়া যাবে। চলতি মূলধন ১০,০০০ টাকা, মূলধন ব্যয় ১২% এবং কর হার ৪০%।

ক. প্রকল্প কী? ১

খ. মূলধন বাজেটিংয়ের বাট্টাকৃত নগদপ্রবাহ পদ্ধতি কেন অধিক গ্রহণযোগ্য? ব্যাখ্যা কর। ২

গ. মেশিনটির পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে মেশিনটি ক্রয়ের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮▸ জনাব নিয়াজ একটি প্রকল্পে বিনিয়োগ করতে আগ্রহী। প্রকল্পের প্রাথমিক ব্যয় ৪,০০,০০০ টাকা, মেয়াদ ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। প্রকল্পের আগামী ৫ বছরের নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ৯০,০০০ টাকা, ৯৫,০০০ টাকা, ১,০০,০০০ টাকা, ১,০৫,০০০ টাকা এবং ১,১৫,০০০ টাকা। মূলধন ব্যয় ১০%।

ক. মূলধন রেশনিং কী? ১

খ. কখন নিট বর্তমান মূল্য শূন্য হয়? ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্প থেকে গড়ে কী হারে মুনাফা অর্জন করবে তা নির্ণয় কর। ৩

ঘ. IRR-এর ভিত্তিতে প্রকল্পটির গ্রহণযোগ্যতা মূল্যায়ন কর। ৪

৯▸ মিজ ফাতিহা বিনিয়োগের জন্য নিচের দুটি সিকিউরিটির তথ্য বিবেচনা করছেন :

| বছর | ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|
| সিকিউরিটি N (আয়ের হার) | ১০% | ১৬% | ১৯% | ১১% |
| সিকিউরিটি P (আয়ের হার) | ১৩% | ১৭% | ২২% | ১২% |

ক. CAPM কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. P সিকিউরিটির পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. ঝুঁকির মাত্রা বিবেচনায় মিজ ফাতিহার কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত হবে? বিশ্লেষণ কর। ৪

১০▸ জনাব তামিম মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগ করার জন্য তিনি নিচের দুটি সিকিউরিটির তথ্য বিবেচনা করছেন :

| সম্ভাবনা | প্রত্যাশিত আয় (%) | |
|---|---|---|
| | সিকিউরিটি V | সিকিউরিটি N |
| ০.২০ | ২৫ | ১০ |
| ০.৫০ | ৩০ | ২৪ |
| ০.৩০ | ২০ | ২০ |

ঝুঁকি বিবেচনায় জনাব তামিম N সিকিউরিটিতে বিনিয়োগের সিদ্ধান্ত নেন।

ক. ঝুঁকি অধিহার কী? ১

খ. বাজার ঝুঁকি পরিহার করা যায় না কেন? ব্যাখ্যা কর। ২

গ. সিকিউরিটি V এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. জনাব তামিমের বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১▸ মিজ ভাবনা আলফা শেয়ারে ৩,০০,০০০ টাকা এবং ডেল্টা শেয়ারে ২,০০,০০০ টাকা বিনিয়োগ করলেন। শেয়ার দুটির অন্যান্য তথ্য নিম্নরূপ :

| শেয়ার | প্রত্যাশিত আয় | পরিমিত ব্যবধান | সহ-সম্বন্ধ |
|---|---|---|---|
| আলফা | ১৫% | ৪% | +১ |
| ডেল্টা | ১৮% | ৫% | |

ক. পোর্টফোলিও কী? ১

খ. প্রয়োজনীয় আয়ের হারের ওপর বিটার প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মিজ ভাবনার পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে শেয়ার দুটির সহ-সম্বন্ধ +১ থেকে –১ হলে পোর্টফোলিও ঝুঁকির উপর কী প্রভাব পড়বে তা বিশ্লেষণ কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

**[দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ MT লিমিটেড একটি চামড়া প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান। এ কাজে ব্যবহৃত কেমিক্যাল এবং বর্জ্যসমূহ বুড়িগঙ্গা নদীতে গিয়ে মিশে। প্রতিষ্ঠানটি নদীর পানি, মাটি ও পরিবেশের কথা ভেবে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করে। এজন্য তাদের ২৫ লক্ষ টাকা প্রয়োজন। প্রতিষ্ঠানটি মূলধন সংগ্রহের জন্য এমন উৎসের কথা বিবেচনা করছে যেখান থেকে কর সুবিধা পাওয়া যাবে এবং মূলধন সরবরাহকারিগণ কোম্পানির প্রকৃত মালিক হতে পারবে না।

ক. পারিবারিক অর্থায়ন কী? ১

খ. "মুনাফা ও তারল্যের মধ্যে সমমুখী সম্পর্ক বিদ্যমান" তুমি কী একমত? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত MT লিমিটেড কোন ধরনের উৎসের মূলধন সংগ্রহের কথা ভাবছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পের বিনিয়োগটি অর্থায়নের কোন ধারণার সাথে সম্পর্কযুক্ত? মূল্যায়ন কর। ৪

২ ▸ আল আমিন সাহেবের নিকট সঞ্চিত ২০,০০,০০০ টাকা আছে যা তিনি মূলধন বাজারে বন্ডে বিনিয়োগ করতে চান যার মেয়াদকাল ৫ বছর এবং সুদের হার ১১.৫০% এবং অর্ধবার্ষিক ভিত্তিতে সুদ গণনা করা হয়। কিন্তু তার এক বন্ধু রনি তাকে বন্ডে বিনিয়োগ না করে ঐ অর্থ একটি ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখার পরামর্শ দেন, যেখানে সুদের হার ১০.৫০% এবং ত্রৈমাসিক ভিত্তিতে সুদ হিসাব করা হয়। তবে আল আমিন সাহেব বন্ডেই বিনিয়োগ করবেন বলে সিদ্ধান্ত নেন।

ক. নামিক সুদের হার কী? ১

খ. মুদ্রাস্ফীতি কীভাবে অর্থের ক্রয় ক্ষমতাকে প্রভাবিত করে তা ব্যাখ্যা কর। ২

গ. আল আমিন সাহেব বন্ডে বিনিয়োগ করলে মেয়াদ শেষে কত টাকা ফেরত পাবেন? ৩

ঘ. আল আমিন সাহেবের সিদ্ধান্তটি ভবিষ্যৎ মূল্যের ওপর ভিত্তি করে মূল্যায়ন কর। ৪

৩ ▸ রহিম অ্যান্ড সন্স একটি নতুন মেশিন সংগ্রহের পরিকল্পনা করছেন। মেশিনটির ক্রয়মূল্য ৩,০০,০০০ টাকা, আয়ুষ্কাল ৫ বছর। মেশিনটি ব্যবহারের ফলে আগামী ৫ বছর যথাক্রমে ৬৫,০০০ টাকা, ৭৫,০০০ টাকা, ৮৫,০০০ টাকা, ৫৫,০০০ টাকা ও ৪৫,০০০ টাকা কর পরবর্তী নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে। প্রতিষ্ঠানটি অভ্যন্তরীণ উপার্জন হার (IRR) এর ভিত্তিতে বিনিয়োগের সিদ্ধান্ত নেয়। কোম্পানির মূলধন ব্যয়ের হার ১৪%।

ক. প্রকল্প কাকে বলে? ১

খ. মূলধন বরাদ্দকরণ কাকে বলে? ব্যাখ্যা কর। ২

গ. রহিম অ্যান্ড সন্সের মেশিনটির গড় উপার্জন হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে মেশিনটি কেনার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জনাব তাহের তার ব্যবসায়ের সম্প্রসারণের জন্য ১০,০০,০০০ টাকার প্রয়োজনীয়তা অনুভব করলে ব্যাংক থেকে ঋণ নিয়ে তার সমস্যা সমাধানের চেষ্টা করেন। তিনি এই ঋণের টাকা অর্ধবার্ষিক কিস্তিতে পরিশোধ করতে চান। একজন ব্যাংক ম্যানেজারের সাথে বিষয়টি আলোচনা করলে তিনি ১৪% সুদের হারে ২ বছরে অর্ধবার্ষিক কিস্তিতে পরিশোধযোগ্য একটি ঋণ দিতে আগ্রহী হন।

ক. অনিশ্চয়তা কী? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে মোট সুদের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের জনাব তাহেরকে প্রতি কিস্তিতে কত টাকা পরিশোধ করতে হবে তা নির্ণয় কর। ৩

ঘ. জনাব তাহেরের জন্য ঋণ পরিশোধ সূচি প্রস্তুত কর। ৪

৫ ▸ জামাল সাহেবের নিকট সঞ্চিত ৫০,০০,০০০ টাকা আছে যা তিনি মূলধন বাজারে বন্ডে বিনিয়োগ করতে চান যার মেয়াদকাল ৬ বছর এবং সুদের হার ১২% এবং অর্ধবার্ষিক ভিত্তিতে সুদ গণনা করা হয়। কিন্তু তার এক বন্ধু জনাব কামাল তাকে বন্ডে বিনিয়োগ না করে ঐ অর্থ একটি ব্যাংকে ৬ বছরের জন্য জমা রাখার পরামর্শ দেন, যেখানে সুদের হার ১২.৫% এবং বার্ষিক ভিত্তিতে সুদ হিসাব করা হয়। তবে জামাল সাহেব বন্ডেই বিনিয়োগ করবেন বলে সিদ্ধান্ত নেন।

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. বিধি ৭২ কী? ব্যাখ্যা কর। ২

গ. জামাল সাহেব বন্ডে বিনিয়োগ করলে মেয়াদ শেষে কত টাকা ফেরত পাবেন? ৩

ঘ. জামাল সাহেবের সিদ্ধান্তটি গাণিতিকভাবে মূল্যায়ন কর। ৪

৬ ▸ জনাব রেহমান বন্ড বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। এ উদ্দেশ্যে তিনি দুটি কোম্পানির ইস্যুকৃত বন্ডের প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেছেন। কখগ লিমিটেড প্রতিটি ২,০০০ টাকা অভিহিত মূল্যের ১০ বছর মেয়াদি ১০.৫% কুপন বন্ড ইস্যু করে যা ১,৮৫০ টাকায় লেনদেন হচ্ছে। বন্ডটি ৬ বছর শেষে ২,১০০ টাকায় তলবযোগ্য। অন্যদিকে পফভ লিমিটেড প্রতিটি ১,০০০ টাকা মূল্যের ৮ বছর মেয়াদি ১০% অর্ধ-বার্ষিক কুপনবিশিষ্ট বন্ড ইস্যু করেছে যার বাজারমূল্য ৯৭০ টাকা।
জনাব রেহমানের প্রয়োজনীয় আয়ের হার ১২%।

ক. অগ্রাধিকার শেয়ার কী? ১

খ. চলতি আয়ের হার কীভাবে নির্ণয় করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. কখগ লিমিটেডের ইল্ড টু কল বা তলবের মেয়াদে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব রেহমানের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? পরামর্শ প্রদান কর। ৪

৭ ▸ রিবন কোম্পানি লি. ১৪,০০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয়ের বিষয়ে বিবেচনা করছে। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর্পোরেট করের হার ৪০%। মেশিনটি ব্যবহারের মাধ্যমে আগামী ৪ বছর নিম্নলিখিত হারে করপরবর্তী নগদ প্রবাহ আশা করা যাচ্ছে।

| বছর | করপরবর্তী নগদ প্রবাহ |
|---|---|
| ১ | ২,৮০,০০০ |
| ২ | ৪,২০,০০০ |
| ৩ | ৬,৪০,০০০ |
| ৪ | ৬,০০,০০০ |

ক. গড় উপার্জন হার কী? ১

খ. মূলধন রেশনিং কীভাবে করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত মেশিনের পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্য বিবেচনায় মেশিনটি ক্রয়ের বিষয়ে কোম্পানির সিদ্ধান্ত কী হওয়া উচিত? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ জনাব নাহিদ বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নের দুইটি সিকিউরিটি বিবেচনা করছেন—

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | সিকিউরিটি A | সিকিউরিটি B |
| খারাপ | ০.৪০ | ৩০% | ২৫% |
| স্বাভাবিক | ০.২০ | ২০% | ৩৫% |
| ভালো | ০.৪০ | ১৮% | ৩২% |

জনাব নাহিদ সিকিউরিটি B তে বিনিয়োগ করার সিদ্ধান্ত নেন।

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. পোর্টফোলিও কেন গঠন করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত সিকিউরিটি B এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব নাহিদের বিনিয়োগ সিদ্ধান্ত কতটুকু সঠিক বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৯ ▸ জনাব আরাফাত বিনিয়োগের জন্য নিম্নোক্ত তথ্য বিবেচনা করে দুইটি প্রকল্প থেকে যেকোনো একটি প্রকল্পে বিনিয়োগ করবেন। প্রকল্প দুইটির তথ্য নিম্নরূপ :

| নগদ আন্তঃপ্রবাহ | | সম্ভাবনা |
|---|---|---|
| প্রকল্প ক | প্রকল্প খ | |
| ৫০,০০০ | ৬০,০০০ | ০.৪৫ |
| ৩০,০০০ | ১৫,০০০ | ০.২৫ |
| ২৫,০০০ | ৩৫,০০০ | ০.২০ |
| ২০,০০০ | ১০,০০০ | ০.১০ |

ক. মূলধনী আয়ের হার কী? ১

খ. তারল্য ঝুঁকি কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে প্রকল্প দুইটির প্রত্যাশিত নগদ প্রবাহ নির্ণয় কর। ৩

ঘ. জনাব আরাফাতের নিকট কোন প্রকল্পে বিনিয়োগ করা লাভজনক হবে? গাণিতিক যুক্তিসহ মন্তব্য লেখ। ৪

১০ ▸ মি. রাইয়ান ও মি. অমিও দুইজনই চাকরিজীবী। রাইয়ান এর প্রতিষ্ঠানটি মূলত জনকল্যাণের উদ্দেশ্যে পরিচালিত। জনগণের জন্য প্রতিষ্ঠানটি সেতু, রাস্তাঘাট, ফ্লাইওভার নির্মাণ করে। এই প্রতিষ্ঠানের আয়ের উৎস জনগণের পরিশোধিত ভ্যাট, ট্যাক্স, শুল্ক ইত্যাদি। অন্যদিকে অমিও এর প্রতিষ্ঠানটি স্বনামধন্য ঔষধ উৎপাদক। অমিও প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপক। সম্প্রতি অমিও ঔষধ উৎপাদনের পাশাপাশি খাদ্যপণ্য, তেল, সাবান ও শ্যাম্পু উৎপাদনের গুরুত্বারোপ করেন।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১

খ. ঝুঁকি ও মুনাফার মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. রাইয়ানের প্রতিষ্ঠানের অর্থায়নের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মি. অমিও এর প্রস্তাবটি অর্থায়নের নীতিমালার আলোকে বিশ্লেষণ কর। ৪

১১ ▸ সাজ্জাদ সাহেব সম্প্রতি চাকরি থেকে অবসরে গেছেন। তিনি তার পেনশন হতে প্রাপ্ত টাকার কিছু অংশ পুঁজিবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তাই তিনি নিম্নের কোম্পানিসমূহের বন্ড নিয়ে বিচার-বিশ্লেষণ করছেন :

| বিবরণ | কোম্পানি-এ | কোম্পানি-বি | কোম্পানি-সি |
|---|---|---|---|
| লিখিত মূল্য | ১,০০০ টাকা | ১,০০০ টাকা | ২,০০০ টাকা |
| কুপন সুদের হার | ৯% | ১২% | - |
| প্রত্যাশিত আয়ের হার | ১০% | ১০% | ১০% |
| বাজারমূল্য | ৯০০ | ১,১০০ | ৮০০ |

প্রতিটি বন্ডের মেয়াদ ১০ বছর।

ক. কল প্রিমিয়াম কী? ১

খ. সাধারণ শেয়ার কী? ব্যাখ্যা কর। ২

গ. কোম্পানি-এ এর মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. বি এবং সি কোম্পানির মধ্যে কোনটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 9 2

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ আলফা লিমিটেড তার অর্থ বিভিন্ন প্রকল্পে বিনিয়োগ করেছেন। কিছু প্রকল্প আছে অধিক লাভজনক এবং কম ঝুঁকিপূর্ণ, কিছু প্রকল্প আছে অধিক মুনাফাজনক এবং অধিক ঝুঁকিপূর্ণ, আবার কিছু প্রকল্প আছে যেখানে কোনো ঝুঁকি নেই। কিন্তু বেটা লিমিটেড সমুদয় অর্থ একটি প্রকল্পে বিনিয়োগ করেছেন। প্রকল্পটি অধিক মুনাফাজনক এবং অধিক ঝুঁকিপূর্ণ। বেটা লিমিটেডের আর্থিক ব্যবস্থাপক তার নগদ অর্থ এমনভাবে ব্যবহার করেন যাতে তার কারবার পরিচালনায় কোনো সমস্যা না হয়। তিনি কারবারে অলস অর্থ সংরক্ষণ করেন না।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. ব্যবসায়ের নৈতিকতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. আলফা লিমিটেড কর্তৃক অনুসৃত অর্থায়নের নীতিটি আলোচনা কর। ৩

ঘ. বেটা লিমিটেড কর্তৃক গৃহীত অর্থায়নের নীতিসমূহ তুলনামূলকভাবে আলোচনা কর। ৪

২ ▸ কেয়া ও খেয়া কোম্পানির তথ্যাবলি নিম্নরূপ :

| কোম্পানির নাম | শেয়ারপ্রতি আয় (টাকা) | | | শেয়ারের বাজারমূল্য (টাকা) | | | শেয়ারের অভিহিত মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | ২০২১ | ২০২২ | ২০২৩ | ২০২১ | ২০২২ | ২০২৩ | |
| কেয়া কোম্পানি | ৬৫ | ৭০ | ৭৫ | ৩০০ | ৩০০ | ৩০০ | ২৫০ |
| খেয়া কোম্পানি | ৫০ | ৫০ | ৫০ | ৩০০ | ৩৫০ | ৪০০ | ২৫০ |

জনাব রাফি, কেয়া কোম্পানির শেয়ার ক্রয় করলেও জনাব রিফাত খেয়া কোম্পানির শেয়ার ক্রয়ের চিন্তা করছেন।

ক. তহবিল বণ্টন কী? ১

খ. "উচ্চ মুনাফাযুক্ত প্রকল্প নির্বাচন গ্রহণযোগ্য নয়"— উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব রাফি অর্থায়নের কোন লক্ষ্য বিবেচনায় কেয়া কোম্পানির শেয়ার ক্রয় করেছেন? ৩

ঘ. জনাব রিফাতের খেয়া কোম্পানির শেয়ার ক্রয়ের চিন্তাধারার সাথে তুমি কী একমত? অর্থায়নের লক্ষ্যের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মি. আরমান মেঘনা ব্যাংকে ৩,০০,০০০ টাকা জমা রাখেন। পাঁচ বছর পরে তিনি ব্যাংক থেকে ৯,০০,০০০ টাকা উত্তোলন করতে পারবেন। অন্যদিকে, মি. সুমনের কাছে ৫,০০,০০০ টাকা আছে। তাই তিনি দু'টি প্রকল্পের মধ্যে যেকোনো একটি প্রকল্পে বিনিয়োগ করতে আগ্রহী। প্রকল্প 'ক' থেকে আগামী পাঁচ বছর যথাক্রমে ১,২৫,০০০; ১,৪০,০০০; ১,৩০,০০০; ১,২৫,০০০; ১,৫০,০০০ টাকা করে পাবেন। অপরদিকে, প্রকল্প 'খ' যেখান থেকে আগামী ৫ বছর প্রতি বছরে ১,৩৫,০০০ টাকা করে পাওয়া যাবে। সুযোগ ব্যয় ১০%

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. সাধারণ বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. মি. আরমানের মেঘনা ব্যাংকে জমাকৃত অর্থের উপর সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. মি. সুমনের দুইটি প্রকল্পের মধ্যে কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত হবে? মতামত দাও। ৪

৪ ▸ জনাব মামুন ৫ বছর পরে একটি বাড়ি নির্মাণ করতে চান। এজন্য পাঁচ বছর পরে তার ২৪,০০,০০০ টাকা প্রয়োজন। তাই তিনি সঞ্চয়ের পরিকল্পনা করেন। মেঘনা ব্যাংক তাকে তিনটি বিকল্প প্রস্তাব দিয়েছেন। প্রথম প্রস্তাব অনুযায়ী, প্রতি মাসের শুরুতে ১২% সুদে ৩৩,০০০ টাকা করে জমা করবেন। দ্বিতীয় প্রস্তাব অনুযায়ী, প্রতি মাসের শেষে ১১% সুদে ৩৫,০০০ টাকা করে জমা করবেন। তৃতীয় প্রস্তাব অনুযায়ী, এককালীন ১২,০০,০০০ টাকা জমা রাখলে ৫ বছর পরে ২৪,০০,০০০ টাকা পাবেন।

ক. চক্রবৃদ্ধিকরণ কী? ১

খ. বিধি-৬৯ ব্যাখ্যা কর। ২

গ. প্রথম প্রস্তাবের ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩

ঘ. জনাব মামুন কোন বিকল্পটি গ্রহণ করে বাড়ি নির্মাণ করলে অধিক লাভবান হবেন? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৫ ▸ জনাব হাবিব A ও B নামক দুটি কোম্পানির মধ্যে যেকোনো একটি কোম্পানিতে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগের ক্ষেত্রে তিনি বাজার ঝুঁকিকে বিশেষভাবে বিবেচনা করেন। বিগত ৪ বছরের কোম্পানির বাজার মুনাফার হার দেওয়া হলো—

| বছর | কোম্পানির-A | কোম্পানির-B | বাজার মুনাফার হার |
|---|---|---|---|
| ২০২১ | ১৬% | ৮% | ১২% |
| ২০২২ | ২০% | ২০% | ১৫% |
| ২০২৩ | ১৫% | ৭% | ৬% |
| ২০২৪ | ৯% | ৯% | ৭% |

ক. অনিশ্চয়তা কী? ১

খ. পোর্টফোলিও ঝুঁকির উপর সহ-সম্বন্ধের প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে কোম্পানি-A এর সহ-ভেদাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. জনাব হাবিবের কোন কোম্পানিতে বিনিয়োগ করা উচিত হবে? মতামত দাও। ৪

৬ ▸ মি. রাকিব ও মি. সাকিব দুই বন্ধু যারা শেয়ারবাজারে বিনিয়োগে আগ্রহী। মি. রাকিব বিনিয়োগের জন্য দুইটি সিকিউরিটি বিবেচনা করেছেন যেখানে তিনি আপেক্ষিক ঝুঁকি পরিমাপের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করবেন। সিকিউরিটিসমূহের তথ্য নিম্নরূপ—

| সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|
| | শেয়ার-A | শেয়ার-B |
| ০.৩০ | ১২% | ১৯% |
| ০.৩০ | ১৬% | ১৪% |
| ০.২০ | ১৮% | ১০% |
| ০.২০ | ১৯% | ১১% |

অন্যদিকে, মি. সাকিব এমন একটি সিকিউরিটিতে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়োছেন যার বিটা ১.৫। উল্লেখ্য, বাজার আয়ের হার ১৪% এবং ঝুঁকিমুক্ত আয়ের হার ৬%।

ক. ঝুঁকি প্রিমিয়াম কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে পরিহার করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. মি. সাকিবের সিকিউরিটির প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. মি. রাকিবের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উচিত? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৭ ▸ ABC কোম্পানির দুটি প্রকল্পের তথ্যসমূহ নিম্নরূপ :

| প্রকল্প | ভার | প্রত্যাশিত আয়ের হার | আদর্শ বিচ্যুতি | সহ-সম্বন্ধ |
|---|---|---|---|---|
| X | ৪৫% | ১২% | ৩% | −০.৯৫ |
| Y | ৫৫% | ১৪% | ৫% | |

ক. প্রত্যাশিত আয় কী? ১

খ. CAPM মডেল বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে কী অপরিহার্য? ব্যাখ্যা কর। ২

গ. ABC কোম্পানির পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. সহ-সম্বন্ধ −০.৯৫ থেকে +০.৯৫ হলে, পোর্টফোলিও ঝুঁকির উপর কী প্রভাব পড়বে? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৮ ▸ জনাব আলম সবুজ পাবলিশার্স লিমিটেডের একজন ব্যবস্থাপক। তিনি বিনিয়োগের জন্য নিম্নোক্ত তিনটি কোম্পানির বন্ড বিবেচনা করেছেন।

A-কোম্পানি লি. এর ১০ বছর মেয়াদি বন্ড যার লিখিত মূল্য ১,০০০ টাকা এবং কুপন সুদের হার ১২%। ৫ বছর পর ১,০৫০ টাকা মূল্যে তলব করা যেতে পারে। বর্তমানে বন্ডটি বাজারে ১,০৮০ টাকায় বিক্রি হচ্ছে।

B-কোম্পানি লি. এর ১২%, ১০ বছর মেয়াদি বন্ড যার বর্তমান বাজারমূল্য ১,২০০ টাকা এবং লিখিত মূল্য ১,০০০ টাকা। মেয়াদ শেষে ১০% অধিহারে মূল্য পরিশোধ করা হবে।

C-কোম্পানি লি. এর ৯%, ৫ বছর মেয়াদি বন্ড যার বাজারমূল্য ১,২০০ টাকা। লিখিত মূল্য ১,০০০ টাকা।

ক. কুপন বন্ড কী? ১

খ. কোন সিকিউরিটিকে শংকরজাতীয় সিকিউরিটি বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. A-কোম্পানির বন্ডের তলবি আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব আলমের B ও C কোম্পানির বন্ডের মধ্যে কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? মেয়াদপূর্তি আয়ের হারের ভিত্তিতে সিদ্ধান্ত দাও। ৪

৯ ▸ জনাব সিয়াম একজন চাকরিজীবী। তিনি বিডি কোম্পানির বন্ডে বিনিয়োগ করতে আগ্রহী। বিডি কোম্পানি ৩,০০০ টাকা অভিহিত মূল্যের ৮ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছেন । কুপন হার ১০% এবং প্রয়োজনীয় আয়ের হার ১২%। অপরদিকে, তার বন্ধু জনাব রেজা দুইটি কোম্পানির মধ্যে যেকোনো একটিতে বিনিয়োগ করতে চান। অহনা কোম্পানি প্রতিটি ৩,০০০ টাকা মূল্যের বন্ড ইস্যু করেছে যার কুপন হার ১২% এবং প্রয়োজনীয় আয়ের হার ১৪%। বর্তমান বাজারমূল্য ২,৭০০ টাকা। সুরমা কোম্পানি প্রতিটি ৩,০০০ টাকা মূল্যের বন্ড ইস্যু করেছে যার মেয়াদকাল ৭ বছর এবং প্রয়োজনীয় আয়ের হার ১৪%। বর্তমান বাজারমূল্য ১,০৫০ টাকা।

ক. মেয়াদপূর্তি আয়ের হার কী? ১

খ. কখন বন্ডের বাজারমূল্য, অভিহিত মূল্যের সমান হয়? ব্যাখ্যা কর। ২

গ. বিডি কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. জনাব রেজার কোন কোম্পানির বন্ডে বিনিয়োগ করা উচিত? গাণিতিকভাবে মূল্যায়ন কর। ৪

১০ ▸ সামিয়া কোম্পানি ৬,৫০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয় করেন, যার সংস্থাপন ব্যয় ১,০০,০০০ টাকা। কোম্পানির মূলধনের ব্যয় ১০%, করের হার ৪০% এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। মেশিনটি ব্যবহারের মাধ্যমে আগামী পাঁচ বছরে করপূর্ববর্তী নগদ প্রবাহ আশা করা যাচ্ছে যথাক্রমে, ১,৪০,০০০; ২,২০,০০০; ৩,২০,০০০, ৩,০০,০০০; ২,২০,০০০ টাকা।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত মেশিনটির গড় উপার্জন হার নির্ণয় কর। ৩

ঘ. পরিশোধকাল নির্ণয়ের মাধ্যমে মেশিনটিতে বিনিয়োগের সিদ্ধান্ত দাও। ৪

১১ ▸ জনাব হিমেলের নিকট বিনিয়োগের জন্য ৬০,০০০ টাকা আছে তিনি উক্ত টাকা নিম্নোক্ত প্রকল্পে বিনিয়োগের জন্য বিবেচনা করছেন, যেখান থেকে নগদ আন্তঃপ্রবাহ আসবে যথাক্রমে— ২০,০০০; ২২,৫০০; ২৪,০০০; ১৯,০০০; ১৭,০০০ টাকা।

ক. অভ্যন্তরীণ উপার্জন হার কী? ১

খ. মূলধন রেশনিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব হিমেলের বিনিয়োগের নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. আন্তঃআয়ের হার নির্ণয়ের মাধ্যমে প্রকল্পের গ্রহণযোগ্যতা যাচাই কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। জনাব আনোয়ার বিনিয়োগের জন্য দুটি কোম্পানির মধ্যে যেকোনো একটি কোম্পানিতে বিনিয়োগ করতে চাচ্ছেন–

| কোম্পানি | প্রত্যাশিত আয়ের হার | ঝুঁকি |
|---|---|---|
| A | ২০% | ৮% |
| B | ১৫% | ৪% |

ক. তহবিলের বণ্টন কী? ১
খ. চলতি সম্পত্তির স্বল্পতার কারণে প্রতিষ্ঠানে কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়? ২
গ. যদি জনাব আনোয়ার B কোম্পানিতে বিনিয়োগ করেন, তাহলে অর্থায়নের কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ? ৩
ঘ. যদি জনাব আনোয়ার উভয় কোম্পানিতে বিনিয়োগ করতেন, তাহলে তার বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। জনাব রাকিব একজন বেসরকারি চাকরিজীবী। তিনি কিছুদিন আগে চাকরি থেকে অবসর নেন। অবসরকালীন সুবিধা পেতে তিনি কোম্পানি থেকে আগামী ১০ বছর প্রতি বছর ২০,০০০ টাকা পাবেন। আর কোম্পানি থেকে আজ এককালীন টাকা নিলে ২২৫০০০ টাকা পাবেন। জনাব রাকিব প্রত্যাশা করছেন আগামীতেও ব্যাংক প্রতি মাসে ১২% সুদ প্রদান করবে।

ক. প্রকৃত সুদের হার কী? ১
খ. "সুদ ও মুনাফা একই অর্থ বহন করে না"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে জনাব রাকিব প্রতি বছর টাকা নিলে তার বর্তমান মূল্য কত হবে তা নির্ণয় কর। ৩
ঘ. জনাব রাকিবের ভবিষ্যৎ মূল্য বিবেচনায় কোন বিকল্পটি লাভজনক হবে? মতামত দাও। ৪

৩। সিথি ও বিথি দুই বোন। সিথি মেঘনা ব্যাংকে বছরের শুরুতে ১০% সুদে এবং বিথি যমুনা ব্যাংকে বছরের শেষে ১২% সুদে ৫০০০ টাকা করে ১০ বছর জমা করেন। সিথি মেয়াদ শেষে ৮৭,৬৫৬ টাকা পাবেন। জনাব আনোয়ার আগামী ৩ বছর প্রত্যেক বছরের শেষে যথাক্রমে ৫০০০, ৮০০০, এবং ১২০০০ টাকা পাবেন। জনাব আনোয়ারের সুযোগ ব্যয়ের হার ৭.৫%।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. অর্থের সময়মূল্য কেন পছন্দনীয়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আনোয়ারের প্রাপ্ত আয়ের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মেয়াদ শেষে কে বেশি টাকা পাবেন? বিশ্লেষণ করে দেখাও। ৪

৪। জনাব আলম যমুনা পাবলিশার্স লি. এর আর্থিক ব্যবস্থাপক। তিনি ৩টি কোম্পানির বন্ড বিনিয়োগ করতে চান। বন্ডসমূহের বিবরণ নিচে দেওয়া হলো :

১. অলিম্পিক লি. এর ১০ বছর মেয়াদি বন্ড যার লিখিত মূল্য ১,০০০ টাকা। কুপন রেট ১২%। ৩ বছর পর বন্ডটি ১,০৪০ টাকা মূল্যে তলব করা হতে পারে। বর্তমানে বন্ডটি বাজারে ১,০৮৫ টাকায় বিক্রয় হচ্ছে।
২. এসিআই কোম্পানির ১২%, ১০ বছর মেয়াদি বন্ড যার বর্তমান বাজারমূল্য ৯৭৫ টাকা, লিখিত মূল্য ১০০০ টাকা।
৩. বিডি কোম্পানির ৯%, ৫ বছর মেয়াদি বন্ড যার বর্তমান বাজারমূল্য ১২০০ টাকা। লিখিত মূল্য ১,০০০ টাকা।

জনাব আলম বিনিয়োগ হতে মেয়াদপূর্তিতে সর্বোচ্চ আয়ের হার নিশ্চিত করতে চান।

ক. কুপন রেট কী? ১
খ. বন্ডের প্রয়োজনীয় আয়ের হার পরিবর্তনের ফলে এর বর্তমান মূল্যের উপর কী প্রভাব পড়বে? ২
গ. অলিম্পিক লি. এর বন্ডের ইল্ড টু কল নির্ণয় কর। ৩
ঘ. জনাব আলমের এসিআই ও বিডি কোম্পানির বন্ডের মধ্যে কোন কোম্পানিতে বিনিয়োগ করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

৫। সান লি. ১০% কুপন সুদের হারে ১০০০ টাকা অভিহিত মূল্যের ঋণপত্র ৫ বছরের জন্য বাজারে ইস্যু করল। ৫ বছর পর ঋণপত্রটি ১০% অধিহারে পরিশোধ করা হবে। ঋণপত্রটি বর্তমানে ১০% অবহারে বিক্রয় করা হচ্ছে।

ক. কল বন্ড কী? ১
খ. কোন বন্ডের অন্তর্নিহিত মূল্য বাজারমূল্য অপেক্ষা বেশি হলে বিনিয়োগকারী কি সিদ্ধান্ত গ্রহণ করবে? ২
গ. সান লি. এর ঋণপত্রের প্রকৃত মূল্য নির্ণয় কর। ৩
ঘ. সান লি. এর ঋণপত্রের YTM নির্ণয় কর। ৪

৬। একটি মেশিনের ক্রয়মূল্য ১,৫০,০০০ টাকা। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর। কার্যকরী মূলধন ৩০,০০০ টাকা ও ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। বাট্টার হার ১০% ও কর হার ৪০%। মেশিনটির করপূর্ব নগদ প্রবাহ নিম্নরূপ :

| বছর | করপূর্ব নগদ প্রবাহ |
|---|---|
| ১ | ৪৫,০০০ |
| ২ | ৪৭,০০০ |
| ৩ | ৫৫,০০০ |
| ৪ | ৪২,০০০ |
| ৫ | ৬০,০০০ |

ক. মূলধন রেশনিং কী? ১
খ. প্রকল্প Ranking এর ক্ষেত্রে দ্বন্দ্ব বলতে কী বোঝায়? ২
গ. প্রকল্পটির ARR নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে তোমার কি মেশিনটি ক্রয় করা উচিত? এবং কেন? ৪

৭। মি. সুমন মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

| সিকিউরিটি | বিনিয়োগ | আয়ের হার | আদর্শ বিচ্যুতি | সহ-সম্বন্ধ |
|---|---|---|---|---|
| X | ৪০,০০০ | ১২% | ৮% | ০.৮০ |
| Y | ৬০,০০০ | ১০% | ৬% | |

ক. অনিশ্চয়তা কী? ১
খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২
গ. মি. সুমনের পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. পোর্টফোলিও আদর্শ বিচ্যুতি নির্ণয় করে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮। সোহাগ কোম্পানি ৭,০০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয় করার কথা ভাবছেন। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর হার ৪০%। মেশিনটি ব্যবহারের মাধ্যমে আগামী ৫ বছর করপূর্ব নগদ প্রবাহ আশা করা যাচ্ছে–

| বছর | করপূর্ব নগদ প্রবাহ |
|---|---|
| ১ | ১,৪০,০০০ |
| ২ | ২,২০,০০০ |
| ৩ | ৩,২০,০০০ |
| ৪ | ৩,০০,০০০ |
| ৫ | ২,২০,০০০ |

ক. পরিশোধকাল কী? ১
খ. আন্তঃআয় হার পদ্ধতিতে কীভাবে প্রকল্প মূল্যায়ন করা হয়? ২
গ. উদ্দীপকে বর্ণিত মেশিনটির গড় আয়ের হার কত? ৩
ঘ. নিট বর্তমান মূল্যের আলোকে মেশিনটি ক্রয়ের বিষয়ে কোম্পানির সিদ্ধান্ত কী হওয়া উচিত? বিশ্লেষণ কর। ৪

৯। আশিক প্রিন্টিং প্রেসের মালিক জনাব আশিক একটি নতুন মেশিন ক্রয় করতে চান। কারণ মেশিনটি ক্রয় করলে প্রেসের কাজ আরও দ্রুতগতিতে হবে। নতুন মেশিনের ক্রয়মূল্য ৮০,০০০ টাকা এবং আয়ুষ্কাল ৫ বছর। করপূর্ব নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ২০,০০০ টাকা, ২৫,০০০ টাকা, ৩০,০০০ টাকা, ৩৫,০০০ টাকা, ৪০,০০০ টাকা। মূলধন ব্যয় ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. মূলধন বাজেটিংয়ের ধাপসমূহ কী কী? ২
গ. নতুন মেশিনটির অবচয় নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে গড় মুনাফা হারের উপর ভিত্তি করে মেশিনটি স্থাপন করা উচিত হবে কিনা? বিশ্লেষণ কর। ৪

১০। ডিজিটাল স্টুডিওর আর্থিক ব্যবস্থাপক জনাব হাসান একটি ক্যামেরা ক্রয় করার সিদ্ধান্ত নিতে যাচ্ছেন। বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় নিম্নে দু'টি ব্র্যান্ডের ক্যামেরার সম্ভাব্য আয় এবং আয়ের সম্ভাবনা দেওয়া হলো :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | ক্যামেরা আর | ক্যামেরা জেট |
| আশাব্যাঞ্জক | ০.৩ | ২৫% | ২০% |
| স্বাভাবিক | ০.৪ | ৩৫% | ৩০% |
| হতাশাজনক | ০.৩ | ১৫% | ৫% |

ভলভো কোম্পানির বিটার মান ১.৭। ট্রেজারি বিলের আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১৬%।

ক. ঝুঁকিমুক্ত আয়ের হার কী? ১
খ. পোর্টফোলিও ঝুঁকির উপর সহ-সম্বন্ধের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. ভলভো কোম্পানির প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব হাসানের কোন ক্যামেরাটি ক্রয় করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

১১। জনাব সরোয়ার একজন কৃষক যার কাছে ২,০০,০০০ টাকা রয়েছে। তিনি মৎস্য প্রকল্পে বিনিয়োগ করতে চান। যা আগামী ৫ বছর যথাক্রমে ৪০,০০০ টাকা, ৫৬,০০০ টাকা, ৪২,০০০ টাকা, ২৫,০০০ টাকা ও ৮০,০০০ টাকা পাওয়া যাবে। অন্যদিকে, তার বন্ধু তাকে পরামর্শ দেয় পোল্ট্রি ফার্মের ব্যবসায় করতে যা হতে আগামী ৫ বছর প্রতি বছর শেষে ৫০,০০০ টাকা করে পাওয়া যাবে। প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. সরল সুদ কী? ১
খ. বর্তমান মূল্য অপেক্ষা ভবিষ্যৎ মূল্য বেশি হয়? ব্যাখ্যা কর। ২
গ. সারোয়ার সাহেবের মৎস্য প্রকল্প থেকে নগদে আন্তঃপ্রবাহের মোট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. সারোয়ার সাহেবের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড়় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ নিম্নে X ও Y কোম্পানির কিছু তথ্য দেওয়া হলো :

| কোম্পানি | শেয়ারপ্রতি লিখিত মূল্য | ১ম বছর শেয়ারপ্রতি আয় | ২য় বছর শেয়ারপ্রতি আয় | ১ম বছর শেয়ারের বাজারমূল্য | ২য় বছর শেয়ারের বাজারমূল্য |
|---|---|---|---|---|---|
| X | ৩০ | ১৫ | ১৮ | ৩৫ | ৩০ |
| Y | ৩০ | ৯ | ১২ | ৪০ | ৪৫ |

ক. শেয়ার কী? ১

খ. পোর্টফোলিও বৈচিত্র্যায়ন কেন করা হয়? ২

গ. উদ্দীপকের তথ্য মতে 'X' কোম্পানি কোন লক্ষ্যটি অর্জন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সম্পদ সর্বাধিকরণের ভিত্তিতে উদ্দীপকের কোন কোম্পানি উত্তম? বিশ্লেষণ কর। ৪

২ ▸ রহিম কোম্পানি বিনিয়োগকারীদের স্বার্থের কথা বিবেচনা করে ১৫% লভ্যাংশ প্রদানের সিদ্ধান্ত নেয়। ফলে সুনাম বৃদ্ধির পাশাপাশি শেয়ারমূল্য বৃদ্ধি পায়। যার কারণে কম মুনাফা হলেও কোম্পানির পরিচালনা পর্ষদ স্বাভাবিকভাবেই ভবিষ্যতে উপকৃত হবে।

ক. স্বল্পমেয়াদি তহবিল কী? ১

খ. অভ্যন্তরীণ অর্থসংস্থান কীভাবে করা হয়? ২

গ. রহিম কোম্পানি অর্থায়নের কোন লক্ষ্য অর্জন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রহিম কোম্পানি বিনিয়োগকারীদের স্বার্থের কথা বিবেচনা করার কারণ বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মি. করিম বার্জার কোম্পানির ব্যবস্থাপক। তিনি প্রতি মাসে ৬০,০০০ টাকা বেতন পায়। তিনি ১৫ বছর পর একটি এপার্টমেন্ট ক্রয় করার চিন্তা করছেন। এই উদ্দেশ্যে সোনালী ব্যাংকে ১৫ বছরের জন্য একটি সঞ্চয়ী হিসাব খুললেন, যেখানে প্রতি মাসের শুরুতে ১২,০০০ টাকা করে জমা করবেন। ব্যাংকটি সঞ্চয়ী হিসাবের উপর ১২% হারে সুদ প্রদান করে থাকে।

ক. বার্ষিকী কী? ১

খ. কখন কার্যকরী সুদের হার নামিক সুদের হারের সমান হয়? ব্যাখ্যা কর। ২

গ. মি. করিম সোনালী ব্যাংক হতে ১৫ বছর পর কত টাকা পাবেন নির্ণয় কর। ৩

ঘ. এপার্টমেন্টের মূল্য ৭০,০০,০০০ টাকা হলে ১৫ বছর পর বর্তমানে জমাকৃত ১২,০০০ টাকা সঞ্চিতি যথার্থ হবে কি-না মূল্যায়ন কর।যদি না হয়, তাহলে মাসের শুরুতে তাকে কত টাকা জমা করতে হবে? ৪

৪ ▸ জনাব কামাল জনতা ব্যাংক থেকে বার্ষিক ১২% সুদে ৫,০০,০০০ টাকা ঋণ নেন। আগামী ৪ বছর প্রতি বছরের শেষে তিনি ঋণের কিস্তি পরিশোধ করবেন।

ক. ভবিষ্যৎ মূল্য কী? ১

খ. ঋণসূচি কীভাবে প্রস্তুত করা হয়? ২

গ. জনাব কামালের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. বছরের শুরুতে কিস্তি পরিশোধ করলে কিস্তির পরিমানের ওপর কী প্রভাব পড়বে? সে সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৫ ▸ হারুন কোম্পানি ২০১৭ সালের ১লা জানুয়ারি তারিখে ১৫ বছর মেয়াদি ১,০০০ টাকা লিখিত মূল্যের বন্ড বাজারে ইস্যু করে। যার কুপন হার ১২% এবং প্রয়োজনীয় আয়ের হার ১৪%।

ক. বন্ড বাজার কাকে বলে? ১

খ. কুপন রেট বৃদ্ধির ফলে বন্ডের চলতি আয়ের উপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের তথ্যানুযায়ী হারুন কোম্পানির বন্ডের মূল্য নির্ণয় কর। ৩

ঘ. যদি বন্ড হতে প্রত্যাশিত আয়ের হার বৃদ্ধি পেয়ে ২০% হয়, তবে বন্ডটি ক্রয় করা লাভজনক হবে কী? মূল্যায়ন কর। ৪

৬ ▸ মি. রবিন একজন বিনিয়োগকারী। তিনি তার বিনিয়োগকৃত অর্থ থেকে ১,২০,০০০ টাকা আয় করতে চান। এজন্য তিনি ৫ বছর মেয়াদি ১৪% কুপন বন্ডে বিনিয়োগের সিদ্ধান্ত নেন। প্রতিটি কুপন বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং বাজারমূল্য ১,০৮০ টাকা।

ক. বন্ড কী? ১

খ. জিরো কুপন বন্ড ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত বন্ডে YTM কত হবে নির্ণয় কর। ৩

ঘ. যদি মি. রবিনের আয়ের হার ১৩% হয়, তাহলে তার বিনিয়োগের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭ ▸ মাসুম কোম্পানির করপরবর্তী নগদ আন্তঃপ্রবাহ ও বিনিয়োগ নিম্নরূপ :

| বিনিয়োগ | করপরবর্তী আন্তঃপ্রবাহ | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর |
| ১,২০,০০০ | ৩০,০০০ | ৪০,০০০ | ৩৫,০০০ | ৫৫,০০০ | ২৫,০০০ |

কর হার ৩০% এবং বাট্টার হার ১০%। প্রতিষ্ঠানটি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় হিসাব করে।

ক. গড় উপার্জন হার কী? ১

খ. "বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি গতানুগতিক পদ্ধতি অপেক্ষা শ্রেয়"– ব্যাখ্যা কর। ২

গ. মাসুম কোম্পানির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের ভিত্তিতে মাসুম কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

৮ ▸ জনাব বাবুলের কাছে দুটি পরস্পর বর্জনশীল প্রকল্প রয়েছে। প্রকল্প দুটির প্রাথমিক বিনিয়োগ ১,৮০,০০০ টাকা। বাট্টার হার ১০%। জনাব বাবুল বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি ব্যবহার করেন। প্রকল্প দুটির নগদ আন্তঃপ্রবাহ নিম্নে দেওয়া হলো :

| বছর | প্রকল্প P | প্রকল্প Q |
|---|---|---|
| ১ | ৯০,০০০ | ৯০,০০০ |
| ২ | ৮০,০০০ | ৭০,০০০ |
| ৩ | ৪৫,০০০ | ৪০,০০০ |

ক. মূলধন বাজেট কী? ১

খ. মূলধন রেশনিং কীভাবে করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রকল্প P হতে কত সময়ে মূলধন ফেরত পাওয়া যাবে? ৩

ঘ. উদ্দীপকের পরিশোধকাল সময় বিবেচনায় কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জনাব আহসান মেঘনা কোম্পানির স্টকে বিনিয়োগ করেছেন। উক্ত কোম্পানির স্টকের বিটা (β) ০.৬০, ঝুঁকিমুক্ত আয়ের হার ৭% এবং বাজার আয়ের হার ১২% মেঘনা কোম্পানির স্টকের প্রত্যাশিত আয়ের হার সন্তোষজনক না হওয়ায় জনাব আহসান নিম্নোক্ত দুটি সিকিউরিটির যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী। সিকিউরিটি দুটির তথ্য নিম্নরূপ :

| সম্ভাবনা | উপার্জন হার | |
|---|---|---|
| | সিকিউরিটি A | সিকিউরিটি B |
| ০.৩০ | ২০% | ২৫% |
| ০.৩০ | ২৫% | ২০% |
| ০.৪০ | ২১% | ২২% |

ক. ঝুঁকি প্রিমিয়াম কী? ১

খ. "কোম্পানি ঝুঁকি পরিহারযোগ্য"– ব্যাখ্যা কর। ২

গ. মেঘনা কোম্পানির সিকিউরিটিসমূহের প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. ঝুঁকি বিবেচনায় জনাব আহসান দুটি সিকিউরিটির কোনটিতে বিনিয়োগ করা অধিক নিরাপদ? বিশ্লেষণ কর। ৪

১০ ▸ মি. কামরুল মুনাফা ও ঝুঁকি বিশ্লেষণ করে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করতে আগ্রহী। বিনিয়োগের উদ্দেশ্যে তিনি নিচের দুটি শেয়ারের তথ্যাদি বিবেচনা করেছেন।

| | শেয়ার A | শেয়ার B |
|---|---|---|
| গড় আয় | ১২% | ১৩% |
| পরিমিত ব্যবধান | ১০% | ১২% |

মি. কামরুল শেয়ার A তে ৪০% এবং শেয়ার B তে ৬০% বিনিয়োগ করেন।

ক. মুনাফা ও ঝুঁকি কী? ১

খ. "বিনিয়োগের বৈচিত্র্যায়নের মাধ্যমে ঝুঁকি হ্রাস করা সম্ভব"– ব্যাখ্যা কর। ২

গ. মি. কামরুলের পোর্টফোলিও আয় নির্ণয় কর। ৩

ঘ. শেয়ার দুটির ঝুঁকির সাথে পোর্টফোলিও ঝুঁকির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

১১ ▸ সান এবং মুন কোম্পানির গত তিন বছরের আয়ের হার নিম্নরূপ :

| বছর | সান | মুন |
|---|---|---|
| ১ | ১৪% | ২২% |
| ২ | ১২% | ১০% |
| ৩ | ১৬% | ১৩% |

জনাব হাবিব অধিক ঝুঁকি নিতে আগ্রহী নয় বলে উভয় কোম্পানিতে সমান বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. সম্ভাবনা কী? ১

খ. ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২

গ. সান কোম্পানির আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. বিভেদাঙ্কের ভিত্তিতে জনাব হাবিবের সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪